

রামপালে জাতীয় সমবায় দিবস উদযাপন



৫১তম জাতীয় সমবায় দিবস উপলক্ষে জাতীয় পতাকা ও সমবায় পতাকা উত্তোলন করা হয়



“বঙ্গবন্ধুর দর্শন, সমবয়ে উন্নয়ন “ এ প্রতিপাদ্যের আলোকে বাগেরহাটের রামপালে বিভিন্ন কর্মসূচির মধ্যদিয়ে ৫১তম জাতীয় সমবায় দিবস উদযাপিত হয়। উপজেলা প্রশাসন, সমবায় বিভাগ ও সমবায়ীগণের যৌথ উদ্যোগে ৫ নভেম্বর শনিবার সকাল ১০ টায় রামপাল উপজেলা চত্বরে দিবসটি পালিত হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা জনাব নাজিবুল আলম এর সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা চেয়ারম্যান সেখ মোয়াজ্জেম হোসেন, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান জনাব মোসাম্মাৎ হোসনোয়ারা (মিলি) ।

এছাড়া উপস্থিত ছিলেন উপজেলা সমবায় কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ সহ সমবায়ীগণ ।

